# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
**ক্রেডিট বিভাগ**

ফোন-০২-২২৩৩৮৮৯৪৯, ই-মেইল dgmsme@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-(শাখা-৪)এসএমই-৭(৮)/করোনা/২০২১-২০২২/ ৬৫৩ (১২৫০) তারিখঃ ২৯/০৮/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে প্রনোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই (CMSME) খাতে বিতরণকৃত/অনুমোদনকৃত ঋণের সংক্রান্ত তথ্যাদি বাংলাদেশ ব্যাংকের Digital Dashboard এ এন্ট্রি প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাব মোকাবেলায় সিএমএসএমই খাতের জন্য চলমান বিশেষ প্রণোদনা প্যাকেজ নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়ন নিশ্চিতকরণ, প্যাকেজ বাস্তবায়নের অগ্রগতি নিবিড়ভাবে তদারকিকরণ, এতদ্‌সংক্রান্ত তথ্যাদি দ্রুততার সাথে প্রাপ্তি নিশ্চিতকরণ এবং সময়োচিত সিদ্ধান্ত গ্রহণের স্বার্থে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে প্রস্তুতকৃত Digital Dashboard এ Real Time এ (ঋণ/বিনিয়োগ বিতরণের সাথে সাথে) এন্ট্রি প্রদানের জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা দেয়া হয়েছে।

০৩। অত্র ব্যাংকের Loan Web Portal এ শাখা কর্তৃক দৈনিকভিত্তিতে বিতরণকৃত/অনুমোদনকৃত ঋণের তথ্যাদি এন্ট্রি দেয়া হয়। উক্ত Loan Web Portal হতে সংগৃহিত তথ্যাদি অত্র ব্যাংকের প্রধান কার্যালয় হতে বাংলাদেশ ব্যাংকের Digital Dashboard এ এন্ট্রি দিতে হবে। এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের Digital Dashboard এর সাথে সামঞ্জস্যতা বজায় রেখে Loan Web Portal টি সংশোধন করা হলো। এখন হতে সংশোধিত Loan Web Portal এ বিতরণকৃত/অনুমোদনকৃত ঋণের তথ্যাদি দৈনিক ভিত্তিতে এন্ট্রি প্রদানের পরামর্শ দেয়া হলো। এ বিষয়ে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে অত্র বিভাগের মুখ্য কর্মকর্তা জনাব মোঃ মনিরুজ্জামান চৌধুরী (০১৭১৭৯৪৩৭৩৬) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

২৯/০৮/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২১-২০২২/ ৬৫৩ (১২৫০) তারিখঃ ২৯/০৮/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২৯/০৮/২০২১

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক